দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 11 DEC 1998 ... ...
পৃষ্ঠা ১২ কলাম ৩.....

স্মৃতিকণার শ্লীলতাহানি মামলা

# ৭ আসামীর সাজা হাই কোর্টে বহাল ॥ দায়িত্বে অবহেলা—বিএম কলেজ অধ্যক্ষের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের নির্দেশ

সুপ্রীম কোর্ট রিপোর্টার ॥ হাই কোর্ট বহুল আলোচিত বরিশালের স্মৃতিকণা বিশ্বাসের শ্লীলতাহানির মামলায় নিম্ন আদালতের রায়ের বিরুদ্ধে দায়ের করা ৭ আসামীর আপীল খারিজ করে দিয়েছে। বাকি ২ আসামীর পৃথক দু'টি আপীল কোর্ট মঞ্জুর করে উক্ত ২ আসামীকে বেকসুর খালাস দিয়েছে। একই সাথে কোর্ট এই মামলায় দায়িত্বে অবহেলার জন্য বরিশাল বিএম কলেজের ১৯৯৫ সালে কর্মরত অধ্যক্ষ এবং অপর এক শিক্ষক সাইদুর রহমানের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা অধিদফতরের মহাপরিচালককে নির্দেশ দিয়েছে।

বৃহস্পতিবার বিচারপতি আবদুল মান্নান ও বিচারপতি একে বদরুল হক সমন্বয়ে গঠিত ডিভিশন বেঞ্চ এই রায় প্রদান করেন।

উল্লেখ্য, ১৯৯৫ সালের ৯ আগস্ট বরিশাল বিএম কলেজের ক্যাম্পাসে দুষ্কৃতকারীদের দ্বারা লাঞ্ছিত হয় স্মৃতিকণা বিশ্বাস। মামলার বিচারে ধর্ষণের অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে রায় দিয়ে নিম্ন আদালত শুধু শ্লীলতাহানির দায়ে ৮ আসামীর প্রত্যেককে ১০ বছর সশ্রম কারাদণ্ড এবং অন্য একজনকে ৭ বছর সশ্রম কারাদণ্ডের নির্দেশ দেয়। এই রায়ের বিরুদ্ধে আসামীরা হাই কোর্ট পৃথক পৃথক আপীল দায়ের করে। আপীলকারীদের পক্ষে মামলা পরিচালনা করেন খন্দকার মাহবুব হোসেন, মকসুদুর রহমান, সৈয়দ জিয়াউল করিম, গোলাম মোহাম্মদ চৌধুরী আলাল ও এ্যাডভোকেট গোলাম মোস্তফা।